গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বিদ্যালয়-২ শাখা

**জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ, ২০১৮ উদ্‌যাপন উপলক্ষে গৃহীত কার্যাবলীর অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব মোহাম্মদ আসিফ-উজ-জামান<br>সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় |
| সভার তারিখ | ঃ | ২০ ফেব্রুয়ারি, ২০১৮ |
| সময় | ঃ | সকাল ১১:৩০ টা |
| স্থান | ঃ | মন্ত্রণালয়ের সভাকক্ষ। |

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক'-তে সন্নিবেশ করা হলো।

সভাপতি উপস্থিত সকলকে আন্তরিক শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। প্রতিবছর মাননীয় প্রধানমন্ত্রী প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে পুরস্কার বিতরণ করেন। এ বছর মাননীয় প্রধানমন্ত্রীর সময় স্বল্পতার কারণে উক্ত অনুষ্ঠানে উপস্থিত থাকতে পারবেন না বলে জানিয়েছেন। এ বছর আগামী ০৬ মার্চ, ২০১৮ তারিখ অনুষ্ঠেয় জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ, ২০১৮ এর উদ্বোধনী অনুষ্ঠানে মহামান্য রাষ্ট্রপতি উপস্থিত থাকতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। এ পর্যায়ে সচিব মহোদয় সভার আলোচ্য বিষয় উপস্থাপনের জন্য অতিরিক্ত সচিব ড. এ এফ এম মনজুর কাদির-কে আহ্বান জানান।

২। অতিরিক্ত সচিব সভায় জানান, মহামান্য রাষ্ট্রপতির কার্যালয়ে ১৮/০২/২০১৮ তারিখে এ বিষয়ে একটি সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে। সমন্বয় সভার সিদ্ধান্ত অনুযায়ী আগামী ২৫/০২/২০১৮ তারিখের মধ্যে মহামান্য রাষ্ট্রপতির ভাষণের খসড়াসহ অন্যান্যদের ভাষণের খসড়া কপি রাষ্ট্রপতির কার্যালয়ে প্রেরণ করতে হবে। পদকপ্রাপ্তদের সম্পূর্ণ তালিকা প্রেরণ করতে হবে। মহামান্য রাষ্ট্রপতি সর্বাধিক ৩০ জনকে পুরস্কার বিতরণ করবেন। বাকীদের মহামান্য রাষ্ট্রপতির প্রস্থানের পর মন্ত্রী মহোদয় কর্তৃক পুরস্কার বিতরণ করা হবে। মহামান্য রাষ্ট্রপতিকে অভ্যর্থনা জানানোর জন্য সর্বাধিক ৫ জন অভ্যর্থনাকারীর নাম, মহামান্য রাষ্ট্রপতির সঙ্গে মঞ্চে উপবিষ্ট ব্যক্তিবর্গের নাম, ঘোষক ঘোষিকা, ধর্মগ্রন্থ থেকে পাঠকারীদের পূর্ণ নাম ঠিকানাসহ তালিকা রাষ্ট্রপতির কার্যালয়ে আগামী ২৫/০২/২০১৮ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে।

৩। অনুষ্ঠানটি নিঁখুত ও সফলভাবে সম্পন্ন করার জন্য এ মন্ত্রণালয় কর্তৃক গৃহীত কার্যক্রম সম্পর্কে অতিরিক্ত সচিব সভাকে অবহিত করেন। তিনি জানান যে, জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ উদ্‌যাপনের লক্ষ্যে প্রণীত কর্মপরিকল্পনা অনুযায়ী অধিকাংশ কাজ সম্পন্ন হয়েছে। তিনি ধারাবাহিকভাবে কর্মপরিকল্পনা অনুযায়ী অগ্রগতি সভায় উপস্থাপন করেন।

৪। উপসচিব (বিদ্যালয়-২) জানান, আগামী ০৬ মার্চ ২০১৮ তারিখ ওসমানী স্মৃতি মিলনায়তন বরাদ্দের বিষয়ে গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। ২/১ দিনের মধ্যে বরাদ্দ পাওয়া যাবে মর্মে সভাকে অবহিত করেন। এবারে **"মানসম্মত শিক্ষা, শেখ হাসিনার দীক্ষা"** স্লোগানটি জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ, ২০১৮ এর প্রতিপাদ্য হিসেবে পোস্টার ও ব্যানারে সংযোজন করা হয়েছে। স্মরণিকা মুদ্রণের কাজ চূড়ান্ত পর্যায়ে রয়েছে মর্মে সংশ্লিষ্ট উপকমিটির আহ্বায়ক সভাকে অবহিত করেন। এ বিষয়ে সচিব মহোদয় সন্তোষ প্রকাশ করেন।

৫। উপসচিব (বিদ্যালয়-২) সভাকে জানান, জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ, ২০১৮ এর উদ্বোধনী এবং পদক বিতরণ অনুষ্ঠান বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ বেতার ও বেসরকারি টিভি চ্যানেলে সরাসরি সম্প্রচারের বিষয়ে এবং বিটিভিসহ বেসরকারি টেলিভিশন চ্যানেলে আলোচনা অনুষ্ঠান আয়োজনের জন্য তথ্য মন্ত্রণালয়কে অনুরোধ করা হয়েছে। উপস্থিত তথ্য মন্ত্রণালয়ের প্রতিনিধি সভাকে জানান ইতোমধ্যে এ বিষয়ে যথাযথ কর্তৃপক্ষ বরাবর প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে। জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ, ২০১৮ উপলক্ষে বহুল প্রচারিত কয়েকটি জাতীয় দৈনিক পত্রিকায় (বাংলা ও ইংরেজি) বিশেষ ক্রোড়পত্র প্রকাশের বিষয়ে জনসংযোগ কর্মকর্তা সংশ্লিষ্টদের সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৬। জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ, ২০১৮ উদ্‌যাপন উপলক্ষে মাঠ পর্যায়ে সপ্তাহব্যাপী পালনের জন্য মহাপরিচালকের দৃষ্টি আকর্ষণ করা হলে, তিনি জানান এ বিষয়ে অধিদপ্তর হতে মাঠ পর্যায়ে নির্দেশনা প্রদান করা হয়েছে। আমন্ত্রণপত্র মুদ্রণ, বিতরণ এবং অতিথিদের তালিকা প্রস্তুত ইতোমধ্যে সম্পন্ন হয়েছে।

৭। মঞ্চ ও অনুষ্ঠান ব্যবস্থাপনা ও সড়কদ্বীপ সজ্জিতকরণের বিষয়ে অতিরিক্ত সচিব (প্রশাসন) জানান যে, ইতোমধ্যে ৩টি ইভেন্টের প্রেজেন্টেশন গ্রহণ করা হয়েছে। তন্মধ্যে ১টিকে বাছাই করে কার্যাদেশ প্রদান করা হবে। সড়কদ্বীপ সজ্জিতকরণের বিষয়ে ইতোমধ্যে ঢাকা দক্ষিণ ও উত্তর সিটি কর্পোরেশনে অনুমতির জন্য প্রশাসন-২ অধিশাখা হতে পত্র প্রেরণ করা হয়েছে।

৮। প্রাথমিক শিক্ষা পদক ২০১৭ এর পুরস্কারপ্রাপ্তদের তালিকা ইতোমধ্যে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর হতে পাওয়া গিয়েছে। তন্মধ্যে মহামান্য রাষ্ট্রপতির নিকট থেকে পুরস্কার গহণের জন্য ৩০ (ত্রিশ) জন পদকপ্রাপ্তদের তালিকা প্রেরণের জন্য মহাপরিচালকের দৃষ্টি আকর্ষণ করা হয়।

৯। অনুষ্ঠান পরিচালনা, ঘোষক ঘোষিকার সাথে সমন্বয় এবং স্ক্রিপ্ট তৈরীর (সাংস্কৃতিক অনুষ্ঠানসহ) বিষয়ে সংশ্লিষ্ট উপকমিটির আহ্বায়ক সভাকে জানান, অনুষ্ঠান উপস্থাপনার জন্য ঘোষক-ঘোষিকার তালিকা এবং ধর্মগ্রন্থ থেকে পাঠকারীদের তালিকা বিটিভি থেকে পাওয়া গেছে।

১০। সভায় বিস্তারিত আলোচনা শেষে জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ, ২০১৮ এর কার্যক্রম সুষ্ঠু ও সফলভাবে সম্পন্ন করার জন্য নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

(ক) আগামী ২৫ তারিখের মধ্যে মহামান্য রাষ্ট্রপতির ভাষণের খসড়াসহ অন্যান্যদের ভাষণের খসড়া কপি রাষ্ট্রপতির কার্যালয়ে প্রেরণ করতে হবে। এছাড়াও, সর্বাধিক ৫ জন অভ্যর্থনাকারীর নাম, মঞ্চে উপবিষ্ট ব্যক্তিবর্গের নাম, ঘোষক ঘোষিকা, ধর্মগ্রন্থ থেকে পাঠকারীদের পূর্ণ নাম ঠিকানাসহ তালিকা রাষ্ট্রপতির কার্যালয়ে প্রেরণ করতে হবে।

(খ) পদকপ্রাপ্ত সর্বাধিক ৩০ জনের তালিকা বাছাই করে রাষ্ট্রপতির কার্যালয়ে প্রেরণ করতে হবে। এ বিষয়ে মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

(গ) বিটিভি, বাংলাদেশ বেতারসহ বেসরকারি টেলিভিশন চ্যানেলে আলোচনা অনুষ্ঠানের আয়োজন করতে হবে এবং স্ক্রলে অনুষ্ঠান বিষয়ক সংবাদ প্রচার করতে হবে। কয়েকটি জাতীয় দৈনিক পত্রিকায় (বাংলা ও ইংরেজি) ক্রোড়পত্র প্রকাশের ব্যবস্থা গ্রহণ করতে হবে। জনসংযোগ কর্মকর্তা এ বিষয়ে কার্যকর ব্যবস্থা গ্রহণ করবেন;

(ঘ) প্রাথমিক শিক্ষা সপ্তাহ, ২০১৮ এর উদ্বোধনী এবং প্রাথমিক শিক্ষা সপ্তাহ পদক ২০১৭ বিতরণ অনুষ্ঠানের স্ক্রিপ্ট তৈরীর কাজ অবিলম্বে সম্পন্ন করতে হবে;

(ঙ) জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ ২০১৮ উদযাপন উপলক্ষে অনুষ্ঠানের পূর্ব দিন ০৫/০৩/২০১৮ তারিখ ২:৩০ ঘটিকায় মহড়া অনুষ্ঠানের আয়োজন করতে হবে;

(চ) আমন্ত্রণপত্র যথাযথভাবে বিতরণ করতে হবে এবং ফলোআপ মন্ত্রণালয়কে অবহিত করতে হবে। এ বিষয়ে ডিজি, ডিপিই এবং কমিটির আহ্বায়ক প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন;

(ছ) মঞ্চ ব্যবস্থাপনা ও সড়কদ্বীপ সজ্জিতকরণের বিষয়ে সংশ্লিষ্ট উপকমিটি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;

(জ) অনুষ্ঠানের দিন আমন্ত্রিত অতিথিদের আপ্যায়নের ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং অনুষ্ঠানের পূর্বের দিন মহড়া অনুষ্ঠানে এ কার্যক্রমে সংশ্লিষ্টদের আপ্যায়নের ব্যবস্থা গ্রহণ করতে হবে। মহামান্য রাষ্ট্রপতির জন্য চা চক্রের আয়োজন করতে হবে;

(ঝ) জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ অনুষ্ঠান সফলভাবে সম্পন্ন করার জন্য কর্মকর্তাদের মধ্যে দায়িত্ব বন্টন করতে হবে। এ বিষয়ে প্রশাসন-২ শাখা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;

১১। আর কোনো আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
তারিখ: ২৫/০২/২০১৮
(মোহাম্মদ আসিফ-উজ-জামান)
সচিব

স্মারক নম্বর: ৩৮.০০.০০০০.০০৮.০২৩.০০২.১৭-১৯২ তারিখঃ ২৫ ফেব্রুয়ারি ২০১৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃ:আ:- ড. মোঃ আমিনুল ইসলাম, উপসচিব)
২. সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৩. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃ:আ:- জনাব মোঃ আখতারুজ্জামান তালুকদার, সিনিয়র সহকারী সচিব)
৫. সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃ:আ:- জনাব মোঃ এরশাদুল হক, উপসচিব)
৬. সচিব, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃ:আ:- জনাব মোঃ ফাহিমুল ইসলাম, উপসচিব)
৭. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. অতিরিক্ত সচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
১১. মহাপরিচালক, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট, শিক্ষা ভবন, ঢাকা।
১২. মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ২৩২/১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা।
১৩. মহাপরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী, ময়মনসিংহ।
১৪. অতিরিক্ত মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।

১৫. যুগ্ম-সচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।
১৬. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এলজিইডি, আগারগাঁও, ঢাকা।
১৭. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কাকরাইল, ঢাকা।
১৮. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ/ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা।
১৯. পরিচালক (প্রশাসন/পরিকল্পনা ও উন্নয়ন/পলিসি ও অপারেশন/মনিটরিং ও মূল্যায়ন/প্রোগ্রাম/প্রশিক্ষণ/অর্থ), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
২০. পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
২১. মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
২২. উপসচিব (সকল)/উপপ্রধান (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।
২৩. সহকারি সচিব (সকল)/সিনিয়র সহকারি প্রধান/সহকারী প্রধান, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
২৪. সিস্টেম এনালিস্ট, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
২৫. বিভাগীয় উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ।
২৬. সহকারি পরিচালক (সাধারণ), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
২৭. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ঢাকা।
২৮. জনসংযোগ কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
২৯. অফিস কপি।

২৫/০২/১৮
(মনোয়ারা ইশরাত)
উপসচিব
ফোন: ৯৫৭৭২৫৫